



# বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়ঃ ৮ রাজউক এভিনিউ, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

www.bdbl.com.bd

## ম্যানেজিং ডিরেক্টর পদে নিয়োগের পুনঃবিজ্ঞপ্তি

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর ম্যানেজিং ডিরেক্টর পদে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

- আবেদনকারীকে ব্যাংকিং পেশায় সক্রিয় কর্মকর্তা হিসেবে কমপক্ষে ১৫ (পনেরো) বছরের কর্ম অভিজ্ঞতা এবং ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/ সিইও এর অব্যবহিত পূর্ববর্তী পদে অথবা উভয় পদ মিলিয়ে কমপক্ষে ০১ বছর ০৬ মাস কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।
- স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রিদারী হতে হবে। অর্থনীতি, ব্যাংকিং ও ফিন্যান্স কিংবা ব্যবসায় প্রশাসন বিষয়ে উচ্চতর প্রাতিষ্ঠানিক শিক্ষা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- আবেদনকারীর ঋণ প্রদান ও আদায় দক্ষতা এবং ব্যাংকের কার্যাবলির নিবিড় পরিবীক্ষণ ও ব্যাংকের হিসাব সংক্রান্ত বিষয়ে পারদর্শিতা বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ১৫/০৫/২০১৯ তারিখে সর্বোচ্চ ৬০ (ষাট) বছর বয়সের প্রার্থী আবেদন করতে পারবেন।
- চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ হবে সর্বোচ্চ ০৩ (তিন) বছর এবং বেতন-ভাতাদি বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুযায়ী ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হবে।
- আগ্রহী প্রার্থীকে আবেদনপত্র, জীবন-বৃত্তান্ত, শিক্ষাগত/ পেশাগত সনদপত্রের ফটোকপি, ২ কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি এবং যোগাযোগের বিস্তারিত ঠিকানাসহ হার্ডকপি ও সফট কপি উভয়রূপে চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড বরাবর নিম্নের ঠিকানায় প্রেরণ করতে হবে, যা অবশ্যই ০১/০৯/২০১৯ তারিখ রবিবার দাপ্তরিক সময়ের (সন্ধ্যা ৬:০০ টা) মধ্যে পৌঁছাতে হবে।

ইতোপূর্বে ২০/০৫/২০১৯ তারিখে দৈনিক যুগান্তর এবং The Daily Star পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে এ পদের জন্য যারা আবেদন করেছেন, তাঁদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

ম্যানেজিং ডিরেক্টর নিয়োগের জন্য গঠিত সার্চ কমিটি প্রার্থীদের যেকোনো আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

কেবল সংক্ষিপ্ত তালিকাভুক্ত (short listed) প্রার্থীদের চূড়ান্ত বাছাই প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে।

ঠিকানাঃ মোঃ জহুরুল ইসলাম, কোম্পানী সচিব, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড,  
প্রধান কার্যালয়, ৮ রাজউক এভিনিউ, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।  
ই-মেইলঃ zahurul.islam@bdbl.com.bd

মোঃ জহুরুল ইসলাম  
কোম্পানী সচিব